গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক (স্বাস্থ্য) এর দপ্তর
চট্টগ্রাম বিভাগ,
৫নং লয়েল রোড, চট্টগ্রাম ।
E-mail: cdho@ld.dghs.gov.bd

বিভাগীয় কোয়ালিটি ইনপ্রুভমেন্ট কমিটি, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম এর ১ম সভার কার্য বিবরণী

সভাপতি ঃ- ডাঃ আলাউদ্দিন মজুমদার, পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

স্থান ঃ- সম্মেলন কক্ষ, পরিচালক(স্বাস্থ্য) এর দপ্তর চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

তারিখ ঃ-১৯/০২/২০১৭ইং, সময়ঃ- সকাল ১০.০০ঘটিকা।

উপস্থিতি ঃ- সংযুক্ত"ক"

সভাপতি মহোদয় সভায় উপস্থিত "বিভাগীয় কোয়ালিটি ইনপ্রুভমেন্ট কমিটি" সকল সদস্যদের স্বাগত জানান। সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন অত্র দপ্তরের হিসাব রক্ষক জনাব বেলাল হোসেন। অত:পর সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে সভা সঞ্চালনা করেন সহকারী প্রধান, এম.আই.এস, পরিচালক(স্বাস্থ্য) এর দপ্তর চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম এবং বিভাগীয় QIC এর ফোকাল পার্সন জনাব সৈয়দ কামরুল আনোয়ার। সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন ডাঃ মুহাম্মদ আব্দুর রহিম, সহকারী পরিচালক(প্রশাসন), অত্র দপ্তর। স্বাগত বক্তব্যের পর QIS ডিষ্ট্রিক মনিটর ডাঃ কবির উদ্দিন আহমদ কোয়ালিটি ইনপ্রুভমেন্ট কমিটির কার্যক্রম, কার্যপরিধি এবং চট্টগ্রাম বিভাগের চলমান কার্যক্রম সম্পর্কে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সভাকে অবহিত করেন। পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের পর উপস্থিত সকলেই কোয়ালিটি ইনপ্রুভমেন্ট সম্পর্কে তাদের নিজস্ব মতামত ব্যক্ত করেন এবং বিভাগীয় QIC এর সদস্য হিসাবে স্ব স্ব অবস্থান থেকে সার্বিক সহযোগীতা প্রদানের আশ্বাস প্রদান করেন।

Div-QIC এর সদস্য তথা বেসরকারী হাসপাতাল/ক্লিনিক এর প্রতিনিধি, ম্যাক্স হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক ডাঃ লিয়াকত আলী খাঁন তার বক্তব্যে উল্লেখ করেন যে, এই কার্যক্রম আরো আগে থেকে শুরু করার প্রয়োজন ছিল। তিনি বেসরকারী হাসপাতাল সমূহে অচিরেই কোয়ালিটি ইনপ্রুভমেন্ট কার্যক্রম শুরু করবেন বলে সভাকে অবহিত করেন।

Div-QIC এর সদস্য তথা বি.এম.এ এর প্রতিনিধি হিসেবে চট্টগ্রাম জেলা শাখার সম্মানিত সাধারন সম্পাদক ডাঃ ফয়সাল ইকবাল চৌধুরী তার বক্তব্যে বলেন যে, শুধু মাত্র কমিটির কার্যক্রম এবং সভা করে কোয়ালিটি ইনপ্রুভ করা যাবেনা। এ জন্য স্বাস্থ্য বিভাগের উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ের স্বাস্থ্য ব্যবস্থাপকগণ কে কার্যকরী নেতৃত্ব গ্রহণ করতে হবে। তিনি স্বাস্থ্য বিভাগের মানব সম্পদের সুষম বন্টনের জন্য বিভাগীয় পরিচালক(স্বাস্থ্য), চট্টগ্রাম মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন এবং স্বাস্থ্য সেবার মানোন্নয়নের জন্য চিকিৎসক সমাজের প্রতিনিধি হিসাবে সার্বিক সহযোগীতার আশ্বাস প্রদান করেন। এছাড়াও তিনি চট্টগ্রাম জেনারেল হাসপাতালকে মডেল হাসপাতাল হিসাবে বিবেচনা করে কোয়ালিটি ইনপ্রুভমেন্ট কার্যক্রম চালু করার উপর গুরুত্ব আরোপ করেন।

কোয়ালিটি ইনপ্রুভমেন্ট কমিটির প্রথম সভা হওয়াতে আর কোন সুনির্দিষ্ট এজেন্ডা না থাকায় এবং পরবর্তীতে সুনিদিষ্ট এজেন্ডাসহ "বিভাগীয় কোয়ালিটি ইনপ্রুভমেন্ট কমিটি" এর নিয়মিত সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

পরিশেষে সভাপতি স্বাস্থ্য সেবার মানোন্নয়ন এবং ইউনিভার্সেল হেলথ কভারেজ বাস্তবায়নের জন্য Div-QIC এর সকল সদস্যদের সহযোগীতা কামনা করে উপস্থিত সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২২/০২/১৭

(ডাঃ আলাউদ্দিন মজুমদার)
পরিচালক (স্বাস্থ্য)
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

বিতরনঃ-
ডাঃ/জনাব..।
সদস্য
বিভাগীয় কোয়ালিটি ইনপ্রুভমেন্ট কমিটি, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

স্মারক নং- পঃস্বাঃচঃ/QIS সভা/প্রশাঃ-১৭/ ৫৭৩৮/৭ তারিখঃ-২২/০২/২০১৭ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হইল:-

১. মহা-পরিচালক, (অতিরিক্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ১৪/২,তোপখানা রোড, ঢাকা।
২. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণঃ- সহকারী পরিচালক (সমন্বয়)।
৩. উপ-পরিচালক/সহকারী পরিচালক(প্রশাসন), অত্র দপ্তর।
৪. সহকারী প্রধান, এম.আই.এস অত্র দপ্তর।
৫. বিভাগীয় সমন্বয়কারী QIS,অত্র দপ্তর।
৬. জেলা মনিটর QIS,অত্র দপ্তর।

২২/০২/১৭

পরিচালক (স্বাস্থ্য)
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

Chittagong Divisional Quality Improvement Committee এর সভার উপস্থিতি।

সভাপতি ঃ-ডাঃ আলাউদ্দিন মজুমদার, পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

স্থানঃ- সম্মেলন কক্ষ, পরিচালক (স্বাস্থ্য) এর দপ্তর।

তারিখঃ-১৯/০২/২০১৭খ্রিঃ, সময়ঃ- সকাল ১০.০০ ঘটিকা।

ক্রমিক নং	নাম	পদবী ও কর্মস্থল	স্বাক্ষর
০১	Muhammad Nurul Alam	Director, Family Planning, Chittagong Division	
০২	Dr. Md. Abdur Rahim	Asst. Director (Admin) Divisional Director (Health)	Rahim 19.2.2017
০৩	Dr. Md. [illegible]	Gen. Secretary BMA Ctg.	
০৪	DR. SEHELI NARGIS	MO (MCH-FP) AGRABAD F.P. office.	
০৫	DR. ASIFA ALI	Jr. Consultant [illegible] C.G.H.	
০৬	ডা বিজন কুমার নাথ	সিনিয়র কনসালটেন্ট সার্জারী চট্টগ্রাম জেনারেল হাসপাতাল	
০৭	ডাঃ আবু [illegible] আবু সাঈদ	জুনিয়র কনসালটেন্ট মেডিসিন পদে সিনিয়র কনসালটেন্ট মেডিসিন চট্টগ্রাম জেনারেল হাসপাতাল	
০৮	ডাঃ [illegible]	সিনিয়র কনসালটেন্ট (গাইনী) চট্টগ্রাম জেনারেল হাসপাতাল	19/2/17
০৯	জোৎস্না বড়ুয়া (লাক্স)	সিনিয়র স্টাফ নার্স চট্টগ্রাম জেনারেল হাসপাতাল	19-2-17
১০	DR [illegible]	Managing Director Max Hospital Ltd	19.02.17
১১	Sayed Kamrul Anwar	Asst. Chief (MIS), Director (Health) office, Ctg Division, Ctg.	
১২			
১৩			
১৪			